

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৮৪

১/ বিবিধ

আরবী

إنما تدفن الأجساد حيث تقبض الأرواح
ضعيف جدا

أخرجه ابن سعد (2 / 293) عن إبراهيم بن يزيد عن يحيى بن بهماه مولى عثمان بن عفان قال: بلغني أن رسول الله صلى الله عليه وسلم قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف جدا، يحيى بن بهماه مجهول، وإبراهيم بن يزيد، وهو الخوزي، متروك. ولعله يغني عن هذا الحديث الواهي قوله صلى الله عليه وسلم في شهداء أحد: " ادفنوا القتلى في مصارعهم ". وهو حديث صحيح مخرج في " أحكام الجنائز " (ص 14)

বাংলা

১৯৮৪। শরীরগুলো সেখানেই দাফন করা হবে যেখানে রূহগুলো কবর করা হবে।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু সা'দ (২/২৯৩) ইব্রাহীম ইবনু ইয়াযীদ হতে, তিনি উসমান ইবনু আফফান (রাঃ)-এর দাস ইয়াহইয়া ইবনু বাহমা হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমার নিকট পৌঁছেছে যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। কারণ ইয়াহইয়া ইবনু বাহমা মাজহুল। আর ইব্রাহীম ইবনু ইয়াযীদ হচ্ছেন খাওয়া, তিনি মাতরুক।

সম্ভবত এ দুর্বল হাদীস হতে আমাদেরকে নিরাপদে রাখতে পারে উহুদ যুদ্ধের শহীদগণের ব্যাপারে বর্ণিত রসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী “তোমরা নিহতদেরকে (শহীদদেরকে) তাদের নিহত হওয়ার স্থলেই দাফন কর।” এ হাদীসটি সহীহ, এর তাখরীজ করা হয়েছে “আহকামুল জানায়েয” গ্রন্থে (পৃঃ ১৪)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72867>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন